দামুড়হুদা কার্পাসডাঙ্গায় ১৮ বোতল ফেন্সিডিল সহ আটক ১

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ১৮ বোতল ফেন্সিডিল সহ মমতাজ খাতুন নামে এক জনকে আটক করেছে পুলিশ।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ এর দিকনির্দেশনায় শুক্রবার রাত ৮টার দিকে কার্পাসডাঙ্গা বাজার পাড়া গ্রামস্থ আসামির নিজ বসত বাড়ির উঠান থেকে ভারতীয় নিষিদ্ধ ফেন্সিডিল সহ আটক করা হয়।

কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস আই ইমরান হোসেন এর নেতৃত্বে এএসআই মসলেম উদ্দিন সহ গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় পুলিশ ফোর্স নিয়ে কার্পাসডাঙ্গা বাজার পাড়া এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন অভিযান পরিচালনা করে ১৮ বোতল ফেনসিডিল সহ এক জনকে গ্রেফতার করেন।

গ্রেফতারকৃত হলেন দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কার্পাসডাঙ্গা বাজার পাড়ার মোতালেব হোসেনের স্ত্রী মমতাজ খাতুন (৪৫)কে আটক করে পুলিশ। আটককৃত আসামির কাছ থেকে ১৮ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। পরে আসামির দামুড়হুদা মডেল থানায় সোপর্দ করে। এবিষয়ে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা রুজু হয়েছে।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, ফেন্সডিল সহ এক জন আটক হয়েছে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে, আগামীকাল আসামিকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হবে।

দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার

কমিটির পক্ষ থেকে নবাগত নির্বাহী অফিসারকে শুভেচছা

দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির পক্ষ থেকে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা কে ফুলেল শুভেচছা দেয়া হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকাল আনুমানিক সাড়ে ১০টার দিকে।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সদ্যযোগদানকৃত উপজেলা নির্বাহী অফিসার কে ফুলেল শুভেচছা দেয় বাসস্ট্যান্ড বাজার কমিটির নেতৃবৃন্দরা।

এসময় নবাগত (ইউএনও) রোকসানা মিতার সাথে সংক্ষিপ্ত আলোচনা সভায় উপস্থিত ছিলেন দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির সভাপতি মাকসুদুর রহমান রতন, সহসভাপতি মুনতাজ আলী, সাধারণ সম্পাদক সাদেক আলী বিশ্বাস পাখি, সহ সম্পাদক মনিরুল ইসলাম মনি, কোষাধ্যক্ষ সাব্বির আহম্মেদ সবুজ, সাংগঠনিক সম্পাদক আঃখালেক, ক্রীড়া সম্পাদক আঃহাই জনি, প্রচার সম্পাদক সহিদুল ইসলাম বগা, দফতর সম্পাদক আজের আলী, নির্বাহী সদস্য আতিয়ার রহমান মিলন, সাইফুল ইসলাম, হাফিজুর রহমান সিকদার, ইয়ানবী, নাজমুল হোসেন, হাফিজুর রহমান প্রমূখ।

জীবননগরে মুক্তিযোদ্ধাদের মাঝে কম্বল বিতরণ

চুয়াডাঙ্গা জেলা পুলিশের উদ্যোগে জীবননগর উপজেলা বীর মুক্তিযোদ্ধাদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টার সময় জীবননগর উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে ভবনে উপজেলার ৭০জন মুক্তিযুদ্ধাদের মাঝে কম্বল বিতরণ করা হয়।

জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকুনুজ্জামানের সভাপতিত্বে

কম্বল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক আবু মো. আব্দুল লতিফ অমল, সাবেক উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম মর্তুজা, জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল খালেক, বীর মুক্তিযোদ্ধা দলিল উদ্দিন দলু প্রমূখ।

এছাড়াও উপজেলার বীর মুক্তিযোদ্ধা ও সাংবাদিক গন উপস্থিত ছিলেন।

জীবননগরে হুন্ডির টাকাসহ সীমান্তে একজন আটক

চুয়াডাঙ্গার জীবননগরে হুন্ডির ১৩ লাখ টাকাসহ রাজন আহাম্মদ নামের এক যুবককে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

বৃহস্পতিবার সকাল ১০টার বিজিবির মহেশপুর-৫৮ ব্যাটালিয়নের মাধবখালী বিওপির সদস্যরা মাধবখালী সীমান্তে অভিযান চালিয়ে হুন্ডির টাকাসহ তাঁকে আটক করে। রাজন আহাম্মদের জীবননগর উপজেলা মাধবখালী গ্রামের বাসিন্দা।

মহেশপুর-৫৮ ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল মাসুদ পারভেজ রানা জানান, মাধবখালী বিওপির টহলদল গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারে মাধবখালী গ্রামের রাজন আহাম্মদ নামের এক যুবক ভারতীয় নাগরিকের কাছ থেকে হুন্ডির টাকা বাংলাদেশ নিয়ে আসছেন।

এ সংবাদের ভিত্তিতে বিজিবির টহল দল মাধবখালী সীমান্তের ৭৫ নম্বর পিলারের কাছে অবস্থান নেয়। এ সময় রাজন আহাম্মদকে দেখতে পেয়ে বিজিবি সদস্যরা তাঁকে চ্যালেঞ্জ করে। তবে বিজিবির উপস্থিতি টের পেয়ে তিনি পালানোর চেষ্টা করে। পরে বিজিবি সদস্যরা তাঁকে আটক করে তার কোমরে লুকানো অবস্থায় হুন্ডির বাংলাদেশী ১৩ লাখ টাকা জব্দ করা হয়।

আটককৃত রাজন আহাম্মদ বিজিবিকে জানিয়েছেন, ১৩ লাখ টাকা ভারতীয় এক নাগরিক সীমান্তের শুন্য রেখায় তাঁর কাছে দিয়েছিল। এই টাকা

জীবননগর শহরে পৌছে দেওয়ার কথা ছিল তাঁর। তাকে জীবননগর থানায় হস্তান্তর কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

জীবননগরে নৈশপ্রহরীদের মাঝে কম্বল বিতরণ

চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজনে জীবননগরে উপজেলার নৈশপ্রহরীদের মাঝে কম্বল উপহার দেন জীবননগর থানা পুলিশ।

বৃহস্পতিবার বেলা ১২টার সময় জীবননগর থানা চত্বরে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

কম্বল বিতরণ অনুষ্ঠান উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) মো. মুন্না বিশ্বাস, জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল খালেক প্রমূখ।

এছাড়াও জীবননগর থানার অনন্য পুলিশ সদস্য উপস্থিত ছিলেন ।

দামুড়হুদায় নবাগত ইউএনও’র সাথে সাংবাদিকদের মতবিনিময় সভা

দামুড়হুদায় নব যোগদানকৃত নির্বাহী অফিসার (ইউএনও) রোকসানা মিতা’র সাথে উপজেলার সাংবাদিকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে বৃহস্পতিবার বিকাল ৪টার দিকে উপজেলা পরিষদের সভা কক্ষে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী,

সিনিয়র সহ-সভাপতি মোজাম্মেল শিশির, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, সাবেক সভাপতি হাবিবুর রহমান হবি, সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান মিলন,ক্রীড়া সম্পাদক বিল্লাল হোসেন, নির্বাহী সদস্য মিরাজুল ইসলাম মিরাজ, সুজন।

দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেন, সাংবাদিক সমিতির সভাপতি মনিরুজ্জামান ধীরু, সাবেক সাধারন সম্পাদক আহসান হাবীব মামুন, সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল, সাবেক সভাপতি হানিফ মন্ডল, সদস্য এফ এ আলমগীর হোসেন, সহ সম্পাদক কামরুজ্জামান যুদ্ধ, সদস্য আব্দুল হান্নান, সুকুমার চন্দ্র বাধন, হাসমত আলী।কার্পাসডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি আঃ জলিল, সাধারণ সম্পাদক আতিয়ার রহমান।

জাতীয় সাংবাদিক ঐক্য ফোরাম দামুড়হুদা উপজেলা শাখার সভাপতি আরিফুল ইসলাম মিলন, সাধারণ সম্পাদক রকিবুল হাসান তোতা, সহ সাংগঠনিক সম্পাদক গোলাম মর্তুজা মিন্টু, প্রচার সম্পাদক জাহাঙ্গীর আলম মানিক, সহ-প্রচার সম্পাদক আনারুল ইসলাম, কোষাধক্ষ্য আরাফাত মল্লিক, দুর্যোগ ও ত্রাণ বিষয়ক সম্পাদক আলমগীর হোসেন, সিম্পোজিয়াম মিটিং পরামর্শ বিষয়ক সম্পাদক সোহাগ হোসেন, নির্বাহী সদস্য ইমরান হোসেন, শেখ হাতেম, হাফিজুর রহমান শমসের, রাজু আহম্মেদ, রবিউল ইসলাম বাবু, মশিউর রহমান প্রমূখ।

দামুড়হুদা সীমান্তে আটক ভারতীয় বৃদ্ধা নাগরিককে বিএসএফ এর নিকট হস্তান্তর

দামুড়হুদা উপজেলার মুন্সিপুর সীমান্ত এলাকা থেকে আটকের চাঁর দিনপর ভারতীয় অসুস্থ বৃদ্ধা নাগরিক মন্ডল জমিলা বেওয়া (৭৮)কে বিএসএফের নিকট হস্তান্তর করা হয়েছে।

গতকাল বুধবার সন্ধায় বিজিবি-বিএসএফ কোম্পানী কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠকের মাধ্যমে ভারতীয় নাগরিককে বিএসএফ এর নিকট হস্তান্তর

করা হয়। আটককৃত বৃদ্ধা ভারতের নদীয়া জেলার ধুবুলিয়া থানার পাথরাদহ গ্রামের মৃত ফজলু’র স্ত্রী।

চুয়াডাঙ্গা-৬ব্যাটালিয়ন (বিজিবির) পরিচালক শাহ মোঃ ইশতিয়াক, পিএসসি জানান,গত তিন মাস আগে মন্ডল জমিলা বেওয়া বাংলাদেশী বসবাসকারী মেহেরপুরের কাসীয়ারী পাড়া গ্রামে তার আত্মীয়র বাড়ীতে বেড়াতে আসে। গত রবিবার (২২ জানুয়ারি) তিনি দামুড়হুদার মুন্সীপুর বিওপির ৯৩ মেইন পিলারের নিকট দিয়ে অবৈধ ভাবে ভারতে প্রবেশ করারর চেষ্টা করলে ৮২ বিএসএফ এর মহাখোলা ক্যাম্পের কর্তব্যরত সদস্যগণ তাকে ভারতে প্রবেশে বাধা প্রদান করে।

বিজিবির টহলদল বেলা তিনটার দিকে মুন্সিপুর এমপি ঘাট নামক স্থান থেকে তাকে আটক করে। বৃদ্ধা বার্ধক্যজনিত রোগী হওয়ায় ২৩ জানুয়ারি মুন্সীপুর বিওপির এবং মহাখোলা ক্যাম্পের ৮২ বিএসএফ ব্যাটালিয়নের ক্যাম্পের সীমান্তের ৯৩/৩-আর এর নিকট শুন্য লাইনে বিজিবি-বিএসএফ কোম্পানী কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে আটককৃত বৃদ্ধা মহিলাকে ভারতে ফেরত বিষয় উপস্থাপন করা হয়।

পরবর্তীতে ২৫ জানুয়ারি সন্ধায় মুন্সিপুর সীমান্তের ৯৩/৩-আর এর নিকট বিজিবি-বিএসএফ কোম্পানী কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠকের মাধ্যমে ভারতীয় নাগরিককে বিএসএফ এর নিকট হস্তান্তর করা হয়।

চুয়াডাঙ্গায় ৪ টি চোরাই মটরসাইকেলসহ সংঘবদ্ধ চক্রের ২ জন গ্রেফতার

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশ অভিযান চালিয়ে ৪ টি চোরাই মটরসাইকেলসহ সংঘবদ্ধ চক্রের ২ জনকে গ্রেফতার করেছে।উদ্ধার করেছে ৪ টি মটরসাইকেল।

জানাগেছে বুধবার ভোরের দিকে চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাবুবুর রহমান কাজলের নেতৃত্বে। চুয়াডাঙ্গা সদর থানার

এস আই হাসানুজ্জামান, সিন্দুরিয়া পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই মাজহারুল ইসলাম সঙ্গীয় ফোর্সসহ অভিযানে ০৪টি চোরাই মোটরসাইকেল উদ্ধার এবং সংঘবদ্ধ চোর চক্রের ০২ (দুই) জনকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত আসামি আলমডাঙ্গা থানার বকশিপুর মাঝেরপাড়া,গ্রামের রবিউল ইসলামের ছেলে সাইফুল ইসলাম (২৬)কে গ্রেফতার করে। সাইফুল ইসলামকে ব্যাপক জিজ্ঞাসাবাদে চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা থানাধীন বকশিপুর, হাউসপুর সহ বেশ কয়েকটি জায়গায় চোরাই মোটরসাইকেল উদ্ধার অভিযান পরিচালনা করে।

গ্রেফতারকৃত আসামী সাইফুল ইসলামের স্বীকারোক্তি মতে সংঘবদ্ধ দলের আরেক সদস্য একই গ্রামের স্কুলপাড়ার আব্দুল গনির ছেলে ইমরান(২০) কে গ্রেফতার করে।উক্ত আসামীদ্বয়ের স্বীকারোক্তি ও দেখানো মতে ২টি পালসার, ডিসকভারি ১টি ১২৫ সিসি, ০১ টি টিভিএস ১১০ সিসি এবং ০১ টি ডায়াং ৮০ সিসি মোটরসাইকেল উদ্ধার করা হয়।

আসামিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ, আরো চোরাই মোটরসাইকেল উদ্ধার সহ মোটরসাইকেল চোর চক্রের অন্যান্য সদস্যদের গ্রেফতারে অভিযান অব্যাহত আছে।গতকালই তাদের দুইজনকে চুরি মামলাসহ সদর থানা পুলিশ চুয়াডাঙ্গা কোর্ট হাজত প্রেরন করেছে।

দামুড়হুদায় লাল তীর সীডের উদ্যোগে তুলা চাষের উপর মাঠ দিবস অনুষ্ঠিত

দামুড়হুদায় লাল তীর সীড লিমিটেডের উদ্যোগে তুলা চাষের উপর মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে নতুন বাস্তুপুর ঈদগাহ মাঠে হাইব্রিড তুলা বীজ ডিএম-৪ জাতের ফলন বিষয়ক কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত হয়।

লাল তীর সীডের জেনারেল ম্যানেজার কৃষিবিদ বসির উদ্দীনের

সভাপতিত্বে অনুষ্ঠিত মাঠ দিবসে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ তুলা উন্নয়ন বোর্ডের ডেপুটি ডাইরেক্টর কৃষিবিদ ড. কামরুল হাসান।

বিশেষ অতিথি ছিলেন তুলা উন্নয়ন বোর্ড চুয়াডাঙ্গা জোনের সিসিডিও কৃষিবিদ শেখ আল মামুন, তুলা উন্নয়ন বোর্ডের মেহেরপুর জোনের সিসিডিও কৃষিবিদ এজাজুল ইসলাম, লাল তীর সীডের ডিভিশনাল ম্যানেজার কৃষিবিদ কামরুল হাসান ও দামুড়হুদা তুলা অফিসের কটন ইউনিট অফিসার বিদ্যুৎ চন্দ্র দাস।

এলাকার দুই শতাধিক তুলাচাষির উপস্থিতিতে অনুষ্ঠিত মাঠ দিবসে তুলা চাষের জমি নির্বাচন, বীজ ভিজানো ও বপন পদ্ধতি, অন্তবর্তীকালীন পরিচর্যা ও ফসল সংগ্রহ বিষয়ে আলোকপাত করা হয়। লাল তীর সীড ডিএম-৪ জাতের তুলা চাষ করে ভাল ফলন পেয়েছেন বলে জানান উপস্থিত তুলা চাষিরা। পরিশেষে তুলাচাষী নাসির উদ্দীনের তুলাক্ষেত পরিদর্শন করা হয়। মাঠ দিবসটি পরিচালনা করেন লাল তীর সীডের মেহেরপুর রিজিওনাল ম্যানেজার কৃষিবিদ আবু রায়হান।

রোমেলা খাতুন রহমানিয়া মাদ্রাসায় কম্পিউটার দিলেন জেলা পরিষদে চেয়ারম্যান

চুয়াডাঙ্গা সদর উপজেলার সরিষাডাঙ্গা রোমেলা খাতুন রহমানিয়া মাদ্রাসা ও লিল্লাহবোর্ডিং এ দুইটা কম্পিউটার একটা প্রিন্টার দিলেন জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজু রহমান মন্জু।

দুপুর ১টায় জেলা পরিষদের কার্যালয়ে মাদ্রাসার সভাপতি ও সাধারণ সম্পাদকের হাতে দুইটা কম্পিউটার ও একটা প্রিন্টার তুলে দেন।

এময় জেলা পরিষদের চেয়ারম্যান বলেন মাননীয় প্রধান মন্ত্রী অলরেডি ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ করছেন, আগামীতে স্মার্ট বাংলাদেশ বির্নিমাণের ঘোষণা দিয়েছেন সুতরাং এখন থেকেই আগামী প্রজন্ম যেন আধুনিক শিক্ষায় সুশিক্ষিত হয়ে বিশ্বের সাথে তাল মিলিয়ে স্মার্ট

বাংলাদেশ বিনির্মাণ করতে পারে তারই অংশ হিসাবে আমাদের এই ক্ষুদ্র প্রয়াস অব্যাহত থাকবে।

এসময় উপস্থিত ছিলেন প্রধান নির্বাহী কর্মকর্তা মিজানুর রহমান, জেলা পরিষদের চুয়াডাঙ্গা সদর উপজেলার সদস্য জহুরুল ইলাম, সহকারী প্রকৌশলী আনিছা খানম, উপসহকারী প্রকৌশলী রোকনুজ্জামান, মাদ্রাসার সভাপতি নুরুল ইসলাম, সাধারণ সম্পাদক মুস্তাফিজুর রহমান, জেলা পরিষদ চেয়ারম্যানের একান্ত সহকারী হৃদয় হাসান প্রমূখ।